



কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
Cumilla Palli Bidyut Samity-4
লাকসাম, কুমিল্লা।
web: pbs4.comilla.gov.bd.

নম্বর ২৭.১২.১৯৭২.৫৭৬.০২.০০৮.২১.৫৫৪৪

তারিখ: ১ কার্তিক ১৪২৮

১৭ অক্টোবর ২০২১

“আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি”

বিষয়: মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এ নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী প্রাক্তন মিটার রিডার(চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন ও অন্যান্য ভাতা	প্রার্থীর যোগ্যতা
০১।	মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিসের প্রদত্ত এলপিসি (Last Pay Certificate) অনুযায়ী নির্ধারিত মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো'২০১৬ অনুযায়ী বেতন গ্রেড-১ এর পারমিত্তিক ধাপে বেতন, যাহা বেশী, তাহা নির্ধারণ করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে। এক্ষেত্রে বাপবিবো জারিকৃত হালনাগাদ সার্কুলার অনুসরণ করা হবে।	(০১) বয়স সীমাঃ প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (০১/১১/২০২১ খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ ৩য় চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করতে পারবেন। (০২) অভিজ্ঞতাঃ আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। (০৩) অন্যান্য যোগ্যতাঃ (ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে। (খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। (গ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ (কুমিল্লা পবিস-৪) কর্তৃক দ্বিতীয় পক্ষের (মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)) কর্মমূল্যায়ন করা হবে। ধারাবাহিকভাবে কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ ৩ বছর পূর্তির সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে নূন্যতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে অত্র পবিস-এ সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যেতে পারে। (০৪) নিয়োগ পদ্ধতিঃ বাপবিবোডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে।

০১। **আবেদন পত্র পূরণ ও জমাদানঃ**

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর ওয়েব সাইড (www.pbs4.comilla.gov.bd) হতে আবেদন ফরম (ফরম

নং-১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউন লোড পূর্বক অথবা কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর সদর দপ্তর অথবা সকল পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের সদর দপ্তর হতে উক্ত আবেদন ফরম সংগ্রহপূর্বক প্রার্থী নিজ হাতে পূরণ করে আগামী ০১/১১/২০২১ খ্রিঃ তারিখ রোজ সোমবার অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, লাকসাম, কুমিল্লা এর বরাবর ডাকযোগে, কুরিয়ার সার্ভিস অথবা সকল কাগজপত্র যথাযথভাবে স্ক্যান করে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর ই-মেইলে **comillapbs4@gmail.com** আবেদনপত্র প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ/সাদা কাগজে/সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।

০২। **আবেদন পত্রের সাথে নিয়োক্ত কাগজাদী সংযুক্ত করতে হবেঃ**

- (ক) আবেদন পত্রের নির্ধারিত স্থানে ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন সত্যায়িত ছবি সংযোজন করতে হবে;
- (খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি;
- (গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
- (ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (সত্যায়িত কপি);
- (ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত “অভিজ্ঞতা সনদ পত্র/প্রত্যয়ন পত্র” যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।
- (চ) দৃষ্টিশক্তি সঠিক/দ্রুতিমুক্ত মর্মে রেজিস্টার্ড চিকিৎসকের প্রত্যয়ন পত্র;

০৩। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০/- টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের পবিস মানব সম্পদ পরিদপ্তরের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২/১১/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

(গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখ সহ হকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্ববিস্তারে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একাধিক পবিসে চাকুরী সম্পন্ন কারীগণকে অবশ্যই একাধিক পবিস এ চাকুরীর “অভিজ্ঞতা সনদ” দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

(ঘ) ইতিপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঙ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত কুমিল্লা পবিস-৪ এ নিয়োগের জন্য উপযুক্ত হিসেবে গণ্য হবেন না। তবে সর্বশেষ চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী তিন মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কুমিল্লা পবিস-৪ এ নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।

(চ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালক অথবা তাদের স্বামী/স্ত্রী’র রক্ত সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নাই।

(ছ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত হয়ে থাকেন, তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(জ) তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঝ) অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

(ঞ) কুমিল্লা জেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ট) বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

(ঠ) ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল হবে।

(ড) চুক্তিভিত্তিতে নিয়োগপ্রাপ্ত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে, যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না।

(ঢ) আবেদন পত্রে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

(ণ) প্রাপ্ত আবেদনপত্র বাছাইকার্য সম্পাদনের পর বর্তমান শূন্য পদের সংখ্যা ও পরবর্তী ০১(এক) বৎসরের সম্ভাব্য চাহিদাকৃত পদের সংখ্যার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে। প্যানেল হতে নিয়োগপত্র ইস্যুর পর যোগদানের সময় অবশ্যই নিজস্ব বাই সাইকেলসহ উপস্থিত হতে হবে।

(ত) বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



১৮-১০-২০২১

প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ করা হলো)

- ১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ২) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৩) পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা
- ৬) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লাকসাম, কুমিল্লা
- ৭) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নাঙ্গলকোট, কুমিল্লা
- ৮) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মনোহরগঞ্জ, কুমিল্লা
- ৯) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস
- ১০) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
- ১১) ডিজিএম, নাঙ্গলকোট জোনাল অফিস
- ১২) ডিজিএম, মনোহরগঞ্জ জোনাল অফিস
- ১৩) এজিএম, জোডা সাব-জোনাল অফিস
- ১৪) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
- ১৫) এজিএম (প্রশাসন), প্রশাসন বিভাগ, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
- ১৬) এজিএম (সদস্য সেবা), সদস্য সেবা বিভাগ, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
- ১৭) জুনিয়র ইঞ্জিনিয়ার, আইটি বিভাগ, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
- ১৮) সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার, আইটি বিভাগ, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
- ১৯) নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-৪।